

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
“সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।



স্মারক নং-৩৩.০১.০০০০.৮৩৩.০৬.০০৪.১৯/২৮৪

তারিখঃ ০৩/০৮/২০২০ খ্রিঃ।

প্রাপক


উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা

-----।

বিষয়ঃ ক্ষুদ্র নৃ - গোষ্ঠীর নিজস্ব ধর্মীয় কিংবা সামাজিক কারণে ডিপিপিতে উল্লেখিত প্যাকেজ সংশ্লিষ্ট প্রাণি পালনে প্রতিবন্ধকতা প্রসঙ্গে।

উর্পযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তর সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দারিদ্র বিমোচন তরায়িতকরন ও খাদ্য নিরাপত্তার উন্নয়ন নিশ্চিতকরনের লক্ষ্যে সরকারের অগ্রাধিকার কার্যক্রম হিসাবে “সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প” শিরোনামের প্রকল্পের মাধ্যমে কাজ করেছে। প্রকল্পের সংস্থান অনুযায়ী উওর পশ্চিমাঞ্চলের মোট নৃ - গোষ্ঠীর ১০০% এবং মধ্যাঞ্চল, উওর পূর্বাঞ্চল ও উপকূলীয় অঞ্চলের মোট নৃ-গোষ্ঠীর ৮০% এর মধ্যে উন্নত জাতের ট্রান্সব্রিড বকনা ৫%, ফুটপুষ্টি করন গরু ৫%, মহিষ ৫%, ব্লাক বেঙ্গল ছাগল ১৫%, ভেড়া ২০%, হাঁস ২৫%, মুরগী ২৫% বিতরনের ব্যবস্থা আছে। আপনার আওতাধীন এলাকায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর যদি ধর্মীয় কিংবা সামাজিক কারণে উল্লেখিত ৭টি প্রজাতির প্রাণির মধ্যে কোন প্রজাতির প্রাণি পালনে প্রতিবন্ধকতা থাকে, তবে এ বিষয়ে আগামী ৭ (সাত) দিনের মধ্যে বিস্তারিত প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

“প্রকল্পের বাস্তবায়ন স্বার্থে বিষয়টি জরুরী”


03/08/2020


ড. অসীম কুমার দাস

প্রকল্প পরিচালক

“সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। উপপরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/ময়মনসিংহ ও সিলেট, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, -----।
- ৫। অফিস কপি।


03/08/20